দৈনিক
ইনকিলাব

14 APR ২০০৩
২ ... ৬

আজ ঢাকায় প্রতিবাদ সমাবেশ

# শিক্ষা দফতরগুলো থেকে শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের অপসারণ করায় ব্যাপক ক্ষোভ-প্রতিবাদ

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন শিক্ষা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শীর্ষ পদসমূহ থেকে শিক্ষা ক্যাডারভুক্ত কর্মকর্তাদের অপসারণ করে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের নিয়োগ করার প্রতিবাদে সারাদেশের আড়াই শতাধিক সরকারী কলেজ-মাদ্রাসার শিক্ষকদের এক প্রতিবাদ সমাবেশ আজ (শুক্রবার) সকাল ১০টায় ঢাকার ৩৩, তোপখানা সড়কের শিক্ষাবিদ ইনস্টিটিউটে অনুষ্ঠিত হবে। এদিকে শিক্ষা সংক্রান্ত বিভিন্ন জাতীয় প্রতিষ্ঠান থেকে গত সপ্তাহে ২৭ জন শিক্ষা ক্যাডার কর্মকর্তাকে অপসারণ করায় এবং আরো অর্ধশতাধিক শিক্ষা ক্যাডার কর্মকর্তাকে শিগগিরই অপসারণের তালিকা চূড়ান্ত করায় রাজধানীর ঢাকা কলেজ, ইডেন কলেজ, বদরুন্নেসা মহিলা কলেজ, তিতুমীর কলেজ, সরকারী বাঙলা কলেজ, আলীয়া মাদ্রাসা, টেক্সটবুক বোর্ড, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, বিভিন্ন শিক্ষাবোর্ড ও প্রাথমিক শিক্ষা অধিদফতরসহ দেশের সকল সরকারী কলেজের শিক্ষকদের মধ্যে তীব্র ক্ষোভ ও প্রতিক্রিয়া দেখা দেয়। এসব প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মকর্তারা তাৎক্ষণিকভাবে স্বতঃস্ফূর্ত প্রতিবাদ সভায়ও মিলিত হন। সরকারী কলেজ-মাদ্রাসার শিক্ষকদের সংগঠন– বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি প্রফেসর মোহাম্মদ কমিল উদ্দিন ও মহাসচিব আই কে, সেলিমউল্লাহ খোন্দকার এক বিবৃতিতে আজকের কেন্দ্রীয় প্রতিবাদ সমাবেশ সফল করার জন্য ঢাকাস্থ শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের আহবান জানিয়ে বলেছেন, শিক্ষা সংশ্লিষ্ট অফিসসমূহে ভিন্ন ক্যাডার কর্মকর্তাদের পদায়ন এক নজিরবিহীন ঘটনা।